

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারী পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮৭-৩৯৩

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০  
০৮ নভেম্বর ২০২৩

বিষয় : জনাব মোঃ নূরুল হক নোমান-কে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার কাঠইর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্যকরণ ও মোহনপুর ইউনিয়নে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত প্যানেল আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা রেজিস্ট্রার, সুনামগঞ্জ ২৮/০৮/২০২৩ খ্রি. তারিখের ৪১৫ নং স্মারকমূলে প্রেরিত পত্রের আলোকে স্থানীয় সরকার বিভাগের ১৬/০১/২০০৬ খ্রি. তারিখের ইপ/ইউপি-০৫/২০০৫/৯৩ নং স্মারকের প্রেক্ষিতে জেলা প্রশাসক, সুনামগঞ্জ ২৬/০২/২০০৬ খ্রি. তারিখের সুনাম/ জেপ্র/ এলজি/ ইপ-৪(২৭)/ ২০০৬/ ৮৫/১(৭) নং স্মারকমূলে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার মোহনপুর ইউনিয়নটিকে বিভক্ত করে মোহনপুর ও কাঠইর ইউনিয়ন নামে ০২ (দুই) টি ইউনিয়ন পরিষদ গঠিত হওয়ায় ও মোহনপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ নূরুল হক নোমান এর বাসিন্দাগত গ্রাম কাঠইর ইউনিয়নে অন্তর্ভুক্ত হওয়ায় জনাব মোঃ নূরুল হক নোমান-কে কাঠইর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে গণ্য করা হলো।

স্বা.

(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,


জনাব মোঃ নূরুল হক নোমান  
নিকাহ রেজিস্ট্রার, কাঠইর ইউনিয়ন।  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

নং-১০.০০.০০০০.১৩১.১১.১২৩.৮৭-৩৯৩

তারিখ : ২৩ কার্তিক ১৪৩০  
০৮ নভেম্বর ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ০৫। ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, সিলেট।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। জেলা রেজিস্ট্রার, সুনামগঞ্জ (মোহনপুর ইউনিয়নের অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৮। সাব-রেজিস্ট্রার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ (বিধি মোতাবেক মোহনপুর ইউনিয়নে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

  
০৮/১১/২০২৩  
(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮